



## নোয়াখালীতে হান্নান মাসউদের স্ত্রীর ওপর হামলার অভিযোগ



ছবি: সংগৃহীত

নোয়াখালী-৬ আসনের প্রার্থী আব্দুল হান্নান মাসউদের স্ত্রী শ্যামলী সুলতানা জেদনী এবং তার ভাইকে লক্ষ্য করে হামলার ঘটনা ঘটেছে। ঘটনা বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল বুড়িরচর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডে সংঘটিত হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সহ-সমন্বয়ক মো. হাফিজুর রহমান অভিযোগ করেছেন, আসাদিয়া কেন্দ্র পরিদর্শনের পর ফেরার পথে একদল দুর্বৃত্ত তাদের ওপর হামলা চালায়। তিনি দাবি করেন, বিএনপি নেতা লিটন চৌধুরী ও স্বপন মেস্বারের নেতৃত্বে হামলাকারীরা দেশীয় অস্ত্র ব্যবহার করে রাস্তা বন্ধ করে রাখে।

হামলায় শ্যামলী সুলতানাকে রড দিয়ে মারধর করা হয় এবং তার মোবাইল ফোন কেড়ে নেওয়া হয়। একই সময় ভিডিও ধারণের চেষ্টা করলে অন্য একজনের মোবাইলও ছিনিয়ে নেওয়া হয়। হান্নান মাসউদের ভাইসহ আরও কয়েকজন আহত হয়েছেন।

মো. হাফিজুর রহমান জড়িতদের দ্রুত গ্রেপ্তার এবং নিরাপদ নির্বাচনের পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। শ্যামলী সুলতানা জেদনী তার ফেসবুকে লিখেছেন, “আমাকে রড দিয়ে মারছে বিএনপির সন্ত্রাসীরা। আমার ফোন কেড়ে নেওয়া হয়েছে। ভিডিও ধারণকারীর ফোনও ভাঙা হয়েছে। আমার দেবরকে একাধিক ব্যক্তি মিলে মারছে। প্রশাসন নিষ্ক্রিয়।” তবে বিএনপির পক্ষ থেকে বিষয়টি নিয়ে কোনো মন্তব্য পাওয়া যায়নি। সহকারী রিটার্নিং কর্মকর্তা ও হাতিয়া উপজেলা ইউএনও মো. আলাউদ্দিন জানান, “হাতিয়া নিয়ে কিছু গুজব ছড়ানো হচ্ছে। আমরা মাঠে রয়েছি এবং যেসব জায়গায় সমস্যা শুনছি, সেখানে যাচ্ছি।”